105

দৈনিক বাংলা

তারিখ 0 9 MAY 1994
পৃষ্ঠা ৫ কলাম ২

# ১ জন শিক্ষক একটি প্রাথমিক বিদ্যালয় চালাচ্ছেন

নিজস্ব সংবাদদাতা ঃ চাঁপাইনওয়াবগঞ্জ, ৮ মে।–নাচোল থানার ডিমকইল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা ৫ শ' ৩০ জন। কিন্তু শিক্ষকের সংখ্যা মাত্র ১ জন। গত ৮ বছর ধরে এই অবস্থা চলছে।

একজন শিক্ষককেই প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষকের দায়িত্ব পালন করতে হয়। সরকারী কাজে থানা শিক্ষা জেলা শিক্ষা অফিসে তাঁর ডাক পড়লে স্কুল বন্ধ থাকে।

রুটিন মোতাবেক ক্লাস নেয়া একজন শিক্ষকের পক্ষে সম্ভব হয়ে উঠে না। একটি ক্লাস নেয়ার সময়ে অন্যক্লাসের ছাত্রদের তিনি কোন কিছু খাতায় লিখার নির্দেশ দিয়ে যান।

১৯৬৮ সালে প্রতিষ্ঠিত এই স্কুলে ১৯৮৫–৮৮ সালে দুইজন শিক্ষক ছিলেন। পরবর্তীকালে সহকারী শিক্ষক অবসর গ্রহণ করলে প্রধান শিক্ষক একা ৮৮–৯১ পর্যন্ত স্কুল চালান।

তার অবসর গ্রহণের পরে একজন সহকারী শিক্ষককে অন্য স্কুল থেকে বদলী করে এনে স্কুলের দায়িত্ব দেয়া হয়।

বার বার আবেদন জানাবার পরেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এখন পর্যন্ত নতুন কোন শিক্ষক নিয়োগ দেয়নি। অথচ এই স্কুলে ৬ জন শিক্ষকের পদ রয়েছে।

স্কুলটি সরকারী হলেও ৫ শত ছাত্রছাত্রী শিক্ষকের অভাবে লেখাপড়া হতে বঞ্চিত হচ্ছে।